অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/16/2023 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেট জুড়ে বৈদ্যুতিক যানবাহনের জন্য ফাস্ট চার্জিং স্টেশন নির্মাণের প্রচেষ্টায় গভর্নর হোকলের নতুন মাইলফলক ঘোষণা

ফেডারেল হাইওয়ে প্রশাসন ফাস্ট চার্জিং স্টেশন তৈরির জন্য জাতীয় বৈদ্যুতিক যানবাহন অবকাঠামো কর্মসূচির তহবিল ব্যবহারের জন্য স্টেটের হালনাগাদকৃত পরিকল্পনা অনুমোদন করেছে

অনুমোদনের ফলে নিউ ইয়র্ক স্টেট NEVI তহবিল হিসেবে 37.4 মিলিয়ন মার্কিন ডলার পাবে

2024 সালের শেষ নাগাদ প্রায় 20 টি নতুন ফাস্ট চার্জিং লোকেশন স্থাপনের জন্য স্টেটের পরিবহন বিভাগ স্টেটের পাওয়ার অথরিটির সাথে কাজ করছে

2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যকে এবং 2035 সালের মধ্যে নিউ ইয়র্ক স্টেটে বিক্রিত সকল যাত্রীবাহী যানবাহনের নিঃসরণমুক্ত হওয়ার স্টেট আবশ্যিকতাকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজ জলবায়ু পরিবর্তন মোকাবেলা এবং শূন্য নির্গমনকারী যানবাহনে রূপান্তরের জন্য নিউ ইয়র্কের জাতীয়-নেতৃত্বস্থানীয় প্রচেষ্টার একটি মাইলফলক ঘোষণা করেছেন। ফেডারেল হাইওয়ে প্রশাসন (Federal Highway Administration) আরো ফাস্ট চার্জিং স্টেশন স্থাপন ও পরিচালনার জন্য জাতীয় বৈদ্যুতিক যানবাহন অবকাঠামো কর্মসূচি তহবিল ব্যবহারের জন্য নিউ ইয়র্ক স্টেটের হালনাগাদকৃত পরিকল্পনা অনুমোদন করেছে, যা নির্মাণ অব্যাহত রাখার জন্য স্টেটের পরবর্তী 37.4 মিলিয়ন ডলার পাওয়ার পথ সুগম করেছে।

"সকল যানবাহন বৈদ্যুতিকে রূপান্তরের মাধ্যমে গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস করার জন্য আমাদের উচ্চাভিলাষী লক্ষ্য অর্জনে, নিউ ইয়র্ক স্টেটের অবশ্যই চার্জিং স্টেশনের বিশাল নেটওয়ার্ক থাকতে হবে যা ব্যবহার করা সহজ এবং পৌঁছানো সুবিধাজনক," **বলেছেন গভর্নর হোকল**। "এই অত্যন্ত গুরুত্বপূর্ণ ফেডারেল তহবিল ব্যবহার এবং একসাথে কাজ করা এবং সুচারু দক্ষতা ও সম্পদের সংমিশ্রণের মাধ্যমে, আমাদের স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation) এবং পাওয়ার অথরিটি (Power Authority) অত্যাধুনিক চার্জিং নেটওয়ার্ক

তৈরি করবে যা আরো বেশি মানুষকে EV-র মালিক হতে উৎসাহিত করবে এবং গ্যাস স্টেশনে থামার মতো বিষয়টিকে অতীতের একটি বিষয়ে পরিণত করতে সাহায্য করবে।"

স্টেট পরিবহন বিভাগ এবং নিউ ইয়র্কের পাওয়ার অথরিটি NEVI তহবিলের প্রথম কিস্তি — প্রায় 20 মিলিয়ন ডলার — বরাদ্দের একটি চুক্তি স্বাক্ষর করেছে যার লক্ষ্য হলো স্টেটের প্রধান হাইওয়েগুলোর পাশে অবস্থিত চার্জিং স্টেশনের অবশিষ্ট ঘাটতির অবসান ঘটানো। এই চুক্তির আওতায়, পাওয়ার অথরিটি সম্ভাব্য অবস্থান শনাক্ত করতে এবং প্রধান স্টেট হাইওয়ের পাশে কমপক্ষে 20 টি মনোনীত NEVI-কর্মসূচি ঘাটতি-এলাকার মধ্যে চার্জিং ফ্যাসিলিটি ইনস্টল করতে তার ইভলভ NY ফাস্ট চার্জিং অবকাঠামো কর্মসূচি ব্যবহার করবে, যার বেশিরভাগই 2024 সালের শেষ নাগাদ সমাপ্ত হবে বলে আশা করা হচ্ছে। সর্বজনীনভাবে অ্যাক্সেসযোগ্য চার্জিং অবকাঠামোর ভৌগোলিক কভারেজ সম্প্রসারিত করতে এবং মাঝারি ও ভারী যানবাহনের জন্য চার্জিং অবকাঠামো তৈরিতে সাহায্য করতে স্টেট পরিবহন বিভাগ করিডোর তৈরির বাইরেও NEVI কর্মসূচির ভবিষ্যত পর্যায়ের জন্য অতিরিক্ত চুক্তির মাধ্যম ব্যবহার করবে, যেমন পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ।

NEVI কর্মসূচি 2021 সালের ঐতিহাসিক অবকাঠামো বিনিয়োগ ও কর্মসংস্থান আইন (Infrastructure Investment and Jobs Act, "IIJA") এর অংশ হিসেবে তৈরি করা হয়েছিল এবং বৈদ্যুতিক যানবাহন লেভেল 3 ডাইরেক্ট কারেন্ট ফাস্ট চার্জিং অবকাঠামোর কৌশলগত স্থাপনকে সমর্থন করার জন্য এবং আন্তঃস্টেট হাইওয়ে বহির্গমনের কাছাকাছি অবস্থানকে গুরুত্ব দিয়ে নির্ভরযোগ্য চার্জিংয়ের জন্য আন্তঃসংযুক্ত নেটওয়ার্ক স্থাপন করতে স্টেটকে বরাদ্দকৃত ফেডারেল তহবিল সরবরাহ করে। নিউ ইয়র্ক পাঁচ বছরে 175 মিলিয়ন মার্কিন ডলার পাবে বলে আশা করা হচ্ছে তবে বার্ষিক বরাদ্দ পাওয়ার জন্য কিভাবে অর্থ ব্যয় করা হবে সে সম্পর্কে প্রতি বছর ফেডারেল হাইওয়ে প্রশাসনের কাছে হালনাগাদকৃত পরিকল্পনা জমা দিতে হবে।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি থেরেসে ডমিংগুয়েজ বলেন, "জলবায়ুবান্ধব পরিবহন ব্যবস্থা তৈরি করা দাবি করে যে আমরা বৈদ্যুতিক যানবাহনের ব্যবহারকে উৎসাহিত করার জন্য যথাসাধ্য চেষ্টা করি। পরিবহন বিভাগ এই নতুন উদ্যোগের অংশ হতে পেরে গর্বিত, যা আক্ষরিক অর্থে বৈশ্বিক উষ্ণতা মোকাবেলায় নিউ ইয়র্কের জাতীয়-নেতৃত্বস্থানীয় প্রচেষ্টায় ভূমিকা রাখবে এবং EV-কে মোটরচালকদের জন্য আরো আকর্ষণীয় ও সুবিধাজনক বিকল্পে পরিণত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন, "পাওয়ার অথরিটি নিউ ইয়র্ক স্টেটের NEVI ফেডারেল তহবিলের প্রথম প্রাপক হতে পেরে আনন্দিত, যা আমরা নিউ ইয়র্ককে দ্রুত কার্বন-হ্রাসের লক্ষ্য অর্জনে সহায়তা করার জন্য DC ফাস্ট-চার্জিংয়ের বিকাশকে ত্বরান্বিত করতে ব্যবহার করবো। NYPA আমাদের পরিবহন বিভাগের অংশীদারদের সাথে সহযোগিতা করতে পেরে রোমাঞ্চিত, যাতে মূল হাইওয়ে করিডোরের সাথে কৌশলগতভাবে ঘাটতি থাকা অঞ্চলগুলোতে ঘাটতি পূরণ করার মাধ্যমে আমাদের EVolve NY চার্জিং নেটওয়ার্ক আরো সম্প্রসারিত হয়, নিউ ইয়র্ককে লভ্য অবশিষ্ট ফেডারেল তহবিল দ্রুত

অ্যাক্সেস করার সুযোগ করে দেয় যার ফলে EV ভ্রমণ স্টেট জুড়ে আরো অ্যাক্সেসযোগ্য ও সুবিধাজনক হয়ে ওঠে।"

রিপ্রেজেন্টেটিভ পল টংকো বলেন, "বৈদ্যুতিক গাড়ির চার্জিংয়ে বিনিয়োগ আমেরিকার পরিবহন খাতে বিপ্লব ঘটানোর সুযোগ দেয়, এ কারণেই আমি অবকাঠামো বিনিয়োগ ও চাকরি আইনে EV বিধানের জন্য জোর দিয়েছি। আমাদের নিউ ইয়র্ক কমিউনিটিতে এই বিনিয়োগ সরবরাহ করা হচ্ছে দেখে আমি উৎসাহিত হয়েছি। আমি এই কাজ চালিয়ে যাওয়ার অপেক্ষায় রয়েছি যা ভোক্তাদের জন্য ব্যয় হ্রাস করবে, নির্গমন হ্রাস করবে এবং আমাদের জলবায়ু লক্ষ্য অর্জনে সাহায্য করবে।"

রিপ্রেজেন্টেটিভ ব্রায়ান হিগিনস বলেন, "পরিচ্ছন্ন পরিবহনে মসৃণভাবে রূপান্তরের জন্য আমাদের অবশ্যই ব্যাপকভাবে অ্যাক্সেসযোগ্য বৈদ্যুতিক যানবাহন চার্জিং অবকাঠামোতে বিনিয়োগ করতে হবে। ঐতিহাসিক দ্বিপাক্ষিক অবকাঠামো আইন থেকে অর্থায়নের জন্য ধন্যবাদ, নিউ ইয়র্ক স্টেট আমাদের কমিউনিটিকে সংযুক্তকারী প্রধান রুটে বৈদ্যুতিক যানবাহন ফাস্ট চার্জিং স্টেশনের নেটওয়ার্ক তৈরি করে নবায়নযোগ্য জ্বালানি ভবিষ্যতের দিকে এগিয়ে চলেছে। এই ঘোষণাটি পরিচ্ছন্ন পরিবহনকে আরো অর্জনযোগ্য করার দিকে আরো একটি পদক্ষেপ, যা আমাদের 2040 সালের জলবায়ু লক্ষ্য অর্জনের কাছাকাছি নিয়ে যাবে।"

রিপ্রেজেন্টেটিভ রিচি টরেস বলেন, "পরিচ্ছন্ন পরিবহনে বিনিয়োগ আমাদের ভবিষ্যতের বিনিয়োগ এবং গত কংগ্রেসে প্রেসিডেন্ট বাইডেনের ঐতিহাসিক, রূপান্তরমূলক এবং দ্বিপক্ষীয় অবকাঠামো ও কর্মসংস্থান বিলকে সমর্থন করতে পেরে আমি গর্বিত। এখন, গভর্নর হোকলের নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট জুড়ে ফাস্ট-চার্জিং স্টেশনের জন্য NEVI তহবিলে 37.4 মিলিয়ন ডলার বরাদ্দ হতে চলেছে, যা তার দেশের নেতৃস্থানীয় জলবায়ু কর্মপরিকল্পনায় আরো একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। এই প্রচেষ্টা জলবায়ু পরিবর্তন মোকাবেলা, নির্গমন হ্রাস এবং আরো টেকসই, স্বাস্থ্যকর, ভবিষ্যত নির্মাণে আমাদের যৌথ অঙ্গীকারের সাথে দৃঢ়ভাবে সামঞ্জস্যপূর্ণ।"

নিউ ইয়র্কের জাতীয় বৈদ্যুতিক যানবাহন অবকাঠামো পরিকল্পনাটি নিউ ইয়র্ক জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (Energy Research and Development Authority); নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation); নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি; নিউ ইয়র্ক স্টেটের জনসেবা বিভাগ (Department of Public Service, DPS); নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটি (Thruway Authority); এবং লং আইল্যান্ড পাওয়ার অথরিটির সহযোগিতায় নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ কর্তৃক তৈরি।

EVolve NY কর্মসূচির মাধ্যমে, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি নিউ ইয়র্ক স্টেটের প্রধান ভ্রমণ করিডোরে বাফেলো থেকে আলবানি এবং অ্যাডিরনড্যাকস থেকে লং আইল্যান্ড পর্যন্ত উচ্চ গতির চার্জার স্থাপন করেছে। এই প্রোগ্রামের লক্ষ্য হল নিউ ইয়র্কবাসীদের জন্য রাজ্য জুড়ে যে কোন দিকে গাড়ি চালানো এবং দ্রুত চার্জার খুঁজে বের করা উল্লেখযোগ্যভাবে সহজ করা যাতে তারা দ্রুত পাওয়ার আপ করতে পারেন এবং রাস্তায় ফিরে যেতে পারেন। ফাস্ট চার্জিং ক্ষমতা সহ যে কোন ব্যাটারি চালিত EV একটি ইভোল্‌ভ NY ফাস্ট চার্জারে 20 মিনিটের মত কম সময়ের মধ্যে চার্জ হয়ে যেতে পারে, যার মধ্যে আছে একটি অ্যাডাপ্টার সহ টেসলা গাড়িও

রয়েছে। EVolve NY ফাস্ট চার্জার সম্পর্কে আরো তথ্য কর্মসূচির EVolve NYওয়েবপেইজে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের 1 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ তার পরিবহন খাতকে বিদ্যুতায়িত করার জন্য স্টেটের সুস্পষ্ট জলবায়ু এবং পরিবেশ-বান্ধব এনার্জি পরিকল্পনা বাস্তবায়নের জন্য গুরুত্বপূর্ণ। যানবাহন থেকে কার্বন নিঃসরণ ও দূষণ হ্রাস বিশুদ্ধ বাতাস এবং স্বাস্থ্যকর কমিউনিটি গঠন করে বিশেষ করে পিছিয়ে পড়া এলাকায়। বিভিন্ন উদ্যোগ বৈদ্যুতিক গাড়িতে অ্যাক্সেস বৃদ্ধি করে এবং EV মেক রেডি, EVolve NY, ড্রাইভ ক্লিন রিবেট, নিউ ইয়র্ক ট্রাক ভাউচার ইনসেন্টিভ প্রোগ্রাম (New York Truck Voucher Incentive Program, NYTVIP) এবং NEVI কর্মসূচির অধীনে ফেডারেল তহবিল সহ সকল নিউ ইয়র্কবাসীর জন্য নির্মল পরিবহন উন্নত করে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টিরও বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভ (community air monitoring initiative)-এর মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন